



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৮১১৫২১৪১/২২৬৪/৫ নথি নং-বাগেরহাট-২৭

তারিখঃ ২৬.১২.২০১৮খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৪.০১৭৩.০০০.৪৩.০০৩.১৮-১০৬৩(যুক্ত); তারিখঃ ১১ নভেম্বর ২০১৮খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৮১১৫২১৪১/২১৯১/৩/ নথি নং-বাগের-২৭; তারিখঃ ২৭.০৯.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার রামপাল উপজেলাধীন খেজুরমহল তছিদিয়া রাশিদিয়া আলিম মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মোঃ হাবিবুল্লাহ এর বিরুদ্ধে ৭ম শ্রেণির শিক্ষার্থী মোসাঃ রুবাইয়া খাতুন এর সাথে শ্রীলতাহানি ও অনৈতিক আচরণ করাসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে সভাপতি শেখ আব্দুস সালাম অত্র বোর্ডে কাগজপত্রসহ অভিযোগ দাখিল করেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার গভার্ণিং বডি কর্তৃক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সমন্বয়ে গঠিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির প্রতিবেদনে সহকারী মৌলভী জনাব মোঃ হাবিবুল্লাহ এর বিরুদ্ধে আনীত অভিযোগ সঠিক মর্মে উল্লেখ করা হয়।

উল্লিখিত অভিযোগের সঠিকতা যাচাইসহ সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাটকে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাট সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সহকারী মৌলভী জনাব মোঃ হাবিবুল্লাহ এর বিরুদ্ধে ৭ম শ্রেণির শিক্ষার্থী মোসাঃ রুবাইয়া খাতুন কর্তৃক আনীত অভিযোগ আমলে নিয়ে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় তদন্ত কর্মকর্তার প্রতিবেদনে অভিযোগ প্রমানিত হওয়ায় কেন তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণসহ এমপিও বন্ধের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে সুপারিশ করা হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য তাকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষর:

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব মোঃ হাবিবুল্লাহ, সহকারী মৌলভী

খেজুরমহল তছিদিয়া রাশিদিয়া আলিম মাদ্রাসা, গ্রাম ও ডাকঘর- কুমলাই, রামপাল, বাগেরহাট।

নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩১৮১১৫২১৪১/২২৬৪/৫/ নথি নং-বাগেরহাট-২৭

তারিখঃ ২৬.১২.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, বাগেরহাট।
২. উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাট।
৩. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামপাল, বাগেরহাট।
৫. জনাব শেখ আব্দুস সালাম, সভাপতি, খেজুরমহল তছিদিয়া রাশিদিয়া আলিম মাদ্রাসা, গ্রাম ও ডাকঘর- কুমলাই, রামপাল, বাগেরহাট।
৬. সদস্যবৃন্দ, খেজুরমহল তছিদিয়া রাশিদিয়া আলিম মাদ্রাসা, রামপাল, বাগেরহাট।
৭. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, খেজুরমহল তছিদিয়া রাশিদিয়া আলিম মাদ্রাসা, রামপাল, বাগেরহাট।
৮. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

স্বাক্ষর

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪